

Dated: 21. 02. 2018


Enclosed is the news clipping appeared in the 'Ananda Bazar Patrika,' a Bengali daily dated 21.02.2018, the news item is captioned 'শ্রৌড়ার কান ছিড়ে নেওয়ার অভিযোগ'

Superintendent of Police, North 24-Organas is directed to enquire into the matter and to submit a report by 22nd March, 2018.

 21/2/18


(Justice Girish Chandra Gupta)

Chairperson

 21/2/18

(Naparajit Mukherjee)

Member



(M.S. Dwivedy)

Member

শ্রৌটার কান ছিঁড়ে নেওয়ার অভিযোগ


নিজস্ব সংবাদদাতা

বাড়িতে অসুস্থ পাঁচ বছরের ছোট্ট মেয়ে। জ্বর ও সর্দির জন্য শ্বাসকষ্টে ভুগছিল সে। সামলাতে নাজেহাল পরিবার। সেই সময় প্রতিবেশী এক যুবক শিশুটির বাড়ির পাশে ক্রমাগত মোটর সাইকেলের হর্ন বাজাচ্ছিল। প্রতিবাদ করেছিলেন শিশুটির বাবা। অভিযোগ, তাতেই ক্ষিপ্ত হয়ে দলবল নিয়ে হামলা চালায় ওই বাইক আরোহী। অভিযোগ মারের চোটে শিশুটির ঠাকুমা সাহিদা বিবির কান ছিঁড়ে রক্ত ঝরতে থাকে। তখন বেগতিক দেখে চম্পট দেয় হামলাকারীরা। সোমবার রাতে দেগঙ্গার বেড়াচাঁপার ঘটনা।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বেড়াচাঁপার আকুঞ্জিপাড়ার বাসিন্দা শাহজাহান আকুঞ্জির পাঁচ বছরের মেয়ে সুহানা জ্বরে ভুগছিল। তার শ্বাসকষ্টের সমস্যাও আছে বলে দাবি পরিবারের। মঙ্গলবার শাহজাহান বলেন, “সোমবার রাত নটা নাগাদ প্রতিবেশী এক যুবক বাড়ির পিছনে এসে ক্রমাগত মোটরবাইকের হর্ন বাজাচ্ছে দেখে আমি তাকে হর্ন বাজাতে নিষেধ করে বলি, ‘ঘরে ছোট বাচ্চার শরীর খারাপ, হর্ন বাজিও না।’ এ কথা শুনে ওই যুবক দলবল নিয়ে এসে আমাকে মারধর শুরু করে। আমাকে বাঁচাতে আসায় বাবাকেও কিল ঘুবি মারা হয়। তখন মা ছুটে এলে তাঁর কানে এমন আঘাত করে যে কান

ফেটে রক্ত ঝরতে থাকে।”

সাহিদা বিবিকে স্থানীয় বিশ্বনাথপুর ব্লক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে গেলে চিকিৎসক বারাসত জেলা হাসপাতালে স্থানান্তরিত করেন। সাহিদা জানান, “নাতনিটা শ্বাসকষ্টে সারা দিন ঘুমাতে পারে না। খুব কষ্ট করে ঘুম পাড়ানো হয়েছিল। মোটর সাইকেলের হর্ন খুব জোরে বাজছিল বলেই বারণ করা হয়েছিল। ওরা তাতেই ঘরের বেড়া ভেঙে ঢুকে কান ছিঁড়ে দেয়। স্বামীকে বাঁচাতে গিয়ে হাতের আঙুলে লাঠির চোটও লাগে। মঙ্গলবার শিশুটির পরিবার দেগঙ্গা থানায় সাত জনের নামে অভিযোগ করে। পুলিশ অভিযুক্তের খোঁজে তল্লাশি শুরু করেছে।



■ জখম সাহিদা বিবি। নিজস্ব চিত্র